



প্রকৃতি কন্যা সিলেট

....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা

অক্টোবর, ২০১৯ মাসে অনুষ্ঠিত এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	২৯ অক্টোবর, ২০১৯
সভার সময়	বিকাল ৩:০০ টা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপস্থিত সকল এনজিও প্রতিনিধি তাদের স্ব স্ব কার্যক্রম সভায় উপস্থাপন করেন।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সকল এনজিও মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করবেন।	সকল এনজিও
২	জেলাধীন সকল এনজিও সংস্থা তাদের কার্যক্রমের সাথে স্থানীয় সরকার এবং স্থানীয় প্রশাসনকে সম্পৃক্ত করবে।	সকল এনজিও
৩	পাহাড়, টিলা, চা-বাগান ও হাওড় অঞ্চলে যে সকল এনজিও কাজ করছে তাদের জনসচেতনতার বৃদ্ধির ব্যাপারেও কাজ করতে হবে।	নিঃস্ব সহায়ক সংস্থা, আরডব্লিউডিও, জৈন্তা ছিন্নমূল সংস্থা
৪	এলাকাভিত্তিক সার্ভে করে কর্মপরিকল্পনানুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং আগামী সভায় এলাকাভিত্তিক এনজিও সমূহকে গ্রাউন্ড ওয়ার্ক এর কাজ ভাগ করে দেয়া হবে।	সকল এনজিও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
৫	বাসিয়া নদী (বিশ্বনাথ) ও মজুমদারি দিঘি ভরাট হয়ে যাওয়ার বিষয়টি আগামী মাসিক উন্নয়ন সমন্বয় সভায় আলোচনা করার জন্য সহকারী কমিশনার, সাধারণ শাখা বরাবরে অনানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে।	সহকারী কমিশনার, এনজিও বিষয়ক শাখা
৬	উপজেলাভিত্তিক এনজিওসমূহের নাম এবং কার্যক্রম এর তালিকা করে দায়িত্ব ভাগ করে দিতে হবে।	সকল এনজিও এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৭	মাসিক এনজিও সভার নোটিশ এবং কার্যবিবরণীসমূহ এ কার্যালয়ের এনজিও পোর্টালে (http://ngosylhet.com/) আপলোড করা হবে। সকল এনজিওকে ওয়েবসাইটটি ফলোআপ করতে হবে।	সকল এনজিও এবং সহকারী কমিশনার, এনজিও বিষয়ক শাখা
৮	আগামী সভায় এনজিও সংস্থা “টিএমএসএস” তাদের কার্যক্রম মাল্টিমিডিয়ায় উপস্থাপন করবে।	এনজিও সংস্থা “টিএমএসএস”

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এম কাজী এমদাদুল ইসলাম

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০৩১.০৬.০০১.১৯.১২

তারিখ: ২১ কার্তিক ১৪২৬

০৬ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
- ৩) উপমহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০
- ৪) পুলিশ সুপার, সিলেট
- ৫) সিভিল সার্জন, সিলেট
- ৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৭) উপজেলা চেয়ারম্যান,(সকল)
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
- ৯) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (জেলা কার্যালয়), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট
- ১০) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
- ১১) উপপরিচালক, সিলেট।
- ১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৪) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
- ১৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট (কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
- ১৬) গোপনীয় সহকারী (অফিস), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৭) জনাব....., সিলেট।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক